যায়যায়দিন

তারিখ ...3 1 MAY 2009...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ......

# শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবি করে ঢাবিতে ছাত্রদলের বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোট সরকার ক্ষমতায় আসার পর বৃহস্পতিবার ঢাবি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রথম বিক্ষোভ মিছিল করেছে ছাত্রদল। জাতীয় পতাকার অবমাননার অভিযোগে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের পদত্যাগ দাবি করে এ বিক্ষোভ মিছিল করে তারা। বৃহস্পতিবার দুপুরে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা মধুর ক্যান্টিন থেকে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন স্পট প্রদক্ষিণ করে বটতলায় সমাবেশে মিলিত হয়।